দৈনিক বাংলা

তারিখ ... 11 FEB 1990
পৃষ্ঠা ... ১ কঃ ৫

০৫৯/

ভাইস চ্যান্সেলরদের
সংগে বৈঠক

# সমাজের চাহিদা অনুযায়ী শিক্ষার পুনর্বিন্যাস চাই : এরশাদ

প্রসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ শনিবার দেশ ও সমাজের পরিবর্তনশীল চাহিদার সঙ্গে সামঞ্জস্য সার্বিক শিক্ষাব্যবস্থা পুনর্বিন্যাসের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

বাসস'র এ খবরে প্রকাশ প্রেসি-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

**এরশাদ** (প্রথম পৃঃ পর)

ডেন্ট শনিবার ঢাকায় প্রেসিডেন্ট সচিবালয়ে বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস-চ্যান্সেলরদের বৈঠকে ভাষণ দিচ্ছিলেন। প্রেসিডেন্ট বলেন, জনশক্তির উন্নয়ন এমন ভাবে করা দরকার, যাতে চাকরি খুঁজে বেড়ানোর চাইতে তারা নিজেরাই নিজেদের কর্মসংস্থান করে নিতেপারে।

বৈঠকে ভাইস চ্যান্সেলররা ছাড়াও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ও জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান, প্রেসিডেন্টের মুখ্যসচিব এই এইচ সিদ্দিক, শিক্ষাসচিব এ এন, এম, ইউসুফ যোগদান করেন।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়, কারিগরি ও বৈজ্ঞানিক বই পত্রসহ বাংলায় উচ্চশিক্ষার পাঠ্যবই রচনার জন্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধীনে একটি বিশেষ সমন্বয় সেল গঠন করা হবে।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়, আগামী শিক্ষাবর্ষ থেকে গুণ ও মেধা ও প্রকল্প বৃত্তিদেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে বিভিন্ন খুটিনাটি দিক ঠিক করবে।

এছাড়াও দেশে বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের নীতি প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকের শুরুতে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিল পাস করার ব্যাপারে নেতৃত্বদানে প্রেসিডেন্ট এরশাদের প্রশংসনীয় ভূমিকার কথা উল্লেখ করেন। তিনি বলেন, এতে দেশের শিক্ষা ব্যবস্থা ও আর্থসামাজিক কাঠামোর বৈপ্লবিক পরিবর্তন সাধিত হবে।

তিনি প্রেসিডেন্ট এরশাদকে বেসরকারী শিক্ষক ও শিক্ষক বহির্ভূত কর্মচারী কল্যাণ ট্রাষ্ট গঠনের জন্যেও প্রেসিডেন্ট এরশাদকে ধন্যবাদ জানান। তাদের আর্থিক নিরাপত্তা এতে নিশ্চিত হবে বলে তিনি উল্লেখ করেন।